

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৩

আগরতলা, ৯ মে, ২০২৪

১১ মে রাজ্যে দ্বিতীয় জাতীয় লোক আদালত

আগামী ১১ মে, ২০২৪ রাজ্যে বসছে এবছরের দ্বিতীয় জাতীয় লোক আদালত। সকাল ১০টা থেকে শুরু হবে আদালতের কাজ। ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চত্বরে সরকারি ছুটির দিনে এই লোক আদালত বসবে। আজ বিকেলে ত্রিপুরা রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা আইন সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, মোট ৪২টি বেঞ্চে ১৭,৯৩৮টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এরমধ্যে মামলা পূর্ববর্তী বিরোধ সংক্রান্ত ৪,০৭৪টি বিষয় এবং আদালতে বিচারাধীন ১৩,৮৬৪টি মামলা রয়েছে। জাতীয় লোক আদালতে মোটের দুর্ঘটনায় ক্ষতিপূরণ মামলা ৩২১টি, ব্যাঙ্ক ঋণ পরিশোধ সংক্রান্ত ৪,০৭৪টি মামলা, আপোষযোগ্য ফৌজদারি বিরোধের (এমবি অ্যাক্ট, টিপি অ্যাক্ট, টিজি অ্যাক্ট, এক্সাইস অ্যাক্ট) ১৩,২৬৯টি মামলা, বৈবাহিক বিরোধের ১৯৭টি মামলা, চেক বাউন্স সংক্রান্ত ৫৩টি মামলা, চাকরি সংক্রান্ত বিষয় ৮টি, জমি অধিগ্রহণ সংক্রান্ত ১১টি মামলা এবং দেওয়ানি সংক্রান্ত ৫টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এরমধ্যে ত্রিপুরা উচ্চ আদালতে একটি বেঞ্চে বসবে। এই বেঞ্চে ৪৬টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা আইন সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব জানান, আগরতলা আদালত চত্বরে লোক আদালতে সবচেয়ে বেশি ৮টি বেঞ্চে থাকবে। ইতিমধ্যে মামলার পক্ষ-বিপক্ষ / উভয় পক্ষকে নোটিশ দেওয়া হয়েছে। লোক আদালতে নোটিশপ্রাপ্ত ব্যক্তিগণ গত ১ মে থেকে সংশ্লিষ্ট জেলা আইন সেবা কর্তৃপক্ষ ও মহকুমা আইনি সেবা কর্তৃপক্ষের অফিসে যোগাযোগ করে মামলা নিষ্পত্তির সুবিধা নিচ্ছেন। লোক আদালতে নোটিশপ্রাপ্ত হয়ে আসা লোকজনদের সাহায্য করবেন লিগ্যাল ভলান্টিয়ারগণ। ত্রিপুরা রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী দ্রুত ও বিনা আইনি খরচে সংশ্লিষ্ট সবাইকে মামলা নিষ্পত্তির সুবিধা নিতে অনুরোধ করেছেন। ত্রিপুরা রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের উপসচিব অনিন্দিতা দেবরায়ও সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।
